

# আমাদেৱময়

## রসায়ন বিভাগের প্রধানের পদত্যাগ দাবি

রংপুর প্রতিনিধি

৮ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৭ ফেব্রুয়ারি ২০২১ ২৩:৪১

# আমাদেৱময়

জ্যোষ্ঠতা লজ্জন ও উচ্চ আদালতের নির্দেশ উপক্ষা করে নিয়োগকৃত রসায়ন বিভাগের চেয়ারম্যান তানিয়া তোফাজকে তার কক্ষে তালা মেরে অবরুদ্ধ করে বিক্ষেপ করেছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। এ সময় অবিলম্বে তার পদত্যাগ দাবি করেন আন্দোলনকারীরা। তবে তানিয়া তোফাজ বলেছেন, এখানে তিনি কর্তৃপক্ষের দেওয়া দায়িত্ব পালন করছে। কেবল প্রশাসন চাইলেই তিনি সরে যাবেন।

একাডেমিক ভবনসহ প্রশাসন ভবনে মিছিল সমাবেশের ওপর বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিমেধাজ্ঞা জারির ৩ দিনের মাথায় গতকাল বিকালে বিশ্ববিদ্যালয় একাডেমিক ভবন-৪ এ রসায়ন বিভাগের প্রধানের কক্ষের সামনে সেগুণাগানসহ অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের দাবি, বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী বিভাগের জ্যোষ্ঠ এক শিক্ষকের বিভাগীয়প্রধান নিয়োগের কথা থাকলেও উপাচার্য পদবর্যাদায় জুনিয়র একজন শিক্ষককে নিয়োগ দিয়ে বিভাগের একাডেমিক কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করা হয়েছে। তাই বর্তমান বিভাগের প্রধানকে অব্যাহতি দিয়ে আইন মেনে বিভাগের প্রধান নিয়োগের দাবি করেন শিক্ষার্থীরা। তবে প্রশাসন নিয়োগ দিয়েছে বলে কিছু করার নেই বলে জানান বিভাগের প্রধানের দায়িত্বে থাকা তানিয়া তোফাজ।

এদিকে দ্রুত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-মিটিং সমাবেশ ও প্রশাসনিক ভবনসহ বিভিন্ন এলাকায় প্রবেশাধিকার ফিরিয়ে দেওয়ার দাবিতে ক্যাম্পাসের দুই নম্বর গেটের বাইরে মানববন্ধন ও সমাবেশ করেছে সাধারণ শিক্ষার্থীরা।

উপাচার্য তার বিভিন্ন অনিয়ম-দুর্নীতি ঢাকতেই বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবনে প্রবেশসহ ক্যাম্পাসে মিছিল-মিটিং নিষিদ্ধ করেছে বলে অভিযোগ করেন বক্তরা। নিমেধাজ্ঞা প্রত্যাহার না করলে বড় ধরনের আন্দোলনে যাওয়ার হৃশিয়ারি দেন তারা। মানববন্ধন শেষে বিক্ষেপ মিছিল করা হয়। মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শেখ রাসেল মিডিয়া চতুরে গিয়ে শেষ হয়।

ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

দ্বন্দ্ব ধরা ও টেলিক

**আমাদের মমতা**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy